তারিখ ২৭/১০/২০০০
পৃষ্ঠা ২০ কলাম ৩

# প্রশাসন সংস্কারে সবার আগে প্রয়োজন রাজনৈতিক সদিচ্ছা

যুগান্তর রিপোর্ট

জনপ্রশাসন সংস্কার কমিশনের ৯টি বিষয়ের ওপর শতাধিক সুপারিশের মধ্যে মাত্র ১টির বাস্তবায়নকে সরকারের কয়েকজন সচিব 'দুঃখজনক' বলে মন্তব্য করেছেন। নাম প্রকাশ না করার শর্তে সচিবরা বলেছেন, প্রশাসন সংস্কারের জন্য প্রয়োজন রাজনৈতিক সদিচ্ছা। রাজনৈতিক সরকারের পক্ষেই সম্ভব জনপ্রশাসনের ব্যাপক সংস্কার। কিন্তু তা হচ্ছে না। কমিশন প্রতিবেদনে শুরুতেই উল্লেখ করেছে, কোন কোন ক্ষেত্রে কমিশনের সুপারিশ অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা সম্ভব। সেজন্য গবেষণার প্রয়োজন নেই। এমন অনেক সুপারিশ রয়েছে যার সঙ্গে আর্থিক কোন সংশ্লেষ নেই। জানা গেছে, ১৯৭১ থেকে ১৯৯৭ সাল পর্যন্ত বেশ কয়েকটি কমিশন গঠন হয়েছে। এছাড়াও উন্নয়ন অংশীদারকে সহায়তায় ৫টি প্রতিবেদনও তৈরি করা হয়। কমিশনের মধ্যে রয়েছে : প্রশাসনিক পুনর্গঠন কমিটি (১৯৭১), প্রশাসনিক ও সার্ভিস কাঠামো পুনর্গঠন কমিটি (১৯৭২), জাতীয় বেতন কমিশন (১৯৭২), বেতন ও সার্ভিস কমিশন (১৯৭৭), মন্ত্রণালয় বিভাগ পরিদফতর ও অন্যান্য সাংগঠনিক কাঠামো পরীক্ষা সংক্রান্ত সামরিক আইন কমিটি (১৯৮২), জাতীয় বেতন কমিশন (১৯৮৪), প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি (১৯৮৫), সিনিয়র সার্ভিস পুল কাঠামো পুনর্বিবেচনা সংক্রান্ত বিশেষ কমিটি (১৯৮৫), মন্ত্রিপরিষদ উপ-কমিটি (১৯৮৭), পরিবর্তিত অবস্থার আলোকে কতিপয় সরকারি দফতর রাখার প্রয়োজনীয়তা পুনঃ-পরীক্ষা কমিটি (১৯৮৯), জাতীয় বেতন কমিশন (১৯৮৯), স্থানীয় সরকার কাঠামো পর্যালোচনা কমিশন (১৯৯১), জাতীয় বেতন কমিশন (১৯৯৬), প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটি (১৯৯৬), স্থানীয় সরকার কমিশন। উন্নয়ন অংশীদারদের সহায়তায় প্রতিবেদনগুলো হচ্ছে : জনপ্রশাসন দক্ষতা সমীক্ষা (১৯৮৬), রাজনৈতিক : পৃষ্ঠা : ৬ কলাম : ২

**একুশ শতকের প্রশাসন**



**জনপ্রশাসন সংস্কার কমিশনের সুপারিশ**

## রাজনৈতিক : সদিচ্ছা

(শেষ পৃষ্ঠার পর)

বাংলাদেশে জনপ্রশাসন খাত সমীক্ষা প্রতিবেদন (১৯৯৩), বাংলাদেশে উন্নততর সরকারের লক্ষ্যে (১৯৯৩, ৪ সচিবের প্রতিবেদন), একটি দক্ষ সরকারের রূপরেখা : সরকারি খাতের সংস্কার (১৯৯৬) ও বাংলাদেশে স্থানীয় সরকার শাসনের এক কর্মসূচি (১৯৯৬)।

একাধিক সূত্র জানিয়েছে, বিভিন্ন কমিশনের প্রতিবেদন তৈরিতে যে অর্থ বরাদ্দ হয়েছে তা এখন অপচয় হিসাবে পরিগণিত হতে যাচ্ছে। বিশ্বব্যাংকসহ অন্যান্য দাতা সংস্থা বাংলাদেশে জনপ্রশাসন সংস্কারের ওপর গুরুত্ব দিয়ে প্রতিবছর সংস্কার কর্মসূচি গ্রহণের তাগিদ দিয়ে আসছে। কিন্তু সেই তাগিদ শুধু এখন কাগজ-কলমে অন্তর্ভুক্ত রয়েছে। প্যারিসে বাংলাদেশ উন্নয়ন ফোরামে এ বিষয়ে বাংলাদেশ সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়। কিন্তু কমিশন গঠনের প্রক্রিয়া ছাড়া আর কোন কাজে তেমন অগ্রগতি নেই।